

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/ব-৫৯/রে- ৭০২৭

তারিখ : ১৯ মার্চ ২০২৫

আবশ্যিক

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে :

শিক্ষক পদ

- স্থাপত্য বিভাগ
অধ্যাপক-এর ১টি স্থায়ী পদ। বেতন স্কেল চ: ৫৬৫০০-৭৪৪০০/-।
- পানি ও বন্যা ব্যবস্থাপনা ইনস্টিটিউট
সহযোগী অধ্যাপক-এর ১টি স্থায়ী পদ। বেতন স্কেল চ: ৫০০০০-৭১২০০/-।
- ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি
(ক) সহযোগী অধ্যাপক-এর ১টি স্থায়ী পদ। বেতন স্কেল চ: ৫০০০০-৭১২০০/-।
(খ) সহকারী অধ্যাপক-এর ১টি স্থায়ী পদ। বেতন স্কেল চ: ৩৫৫০০-৬৭০১০/-।
- কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ
সহকারী অধ্যাপক-এর ২টি স্থায়ী পদ। বেতন স্কেল চ: ৩৫৫০০-৬৭০১০/-।
- যন্ত্রকৌশল বিভাগ
সহকারী অধ্যাপক-এর ১টি স্থায়ী পদ। বেতন স্কেল চ: ৩৫৫০০-৬৭০১০/-।
- রসায়ন বিভাগ
লেকচারার-এর ১টি অস্থায়ী পদ। বেতন স্কেল চ: ২২০০০-৫৩০৬০/-।

উল্লিখিত পদসমূহের আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: ২০/০৪/২০২৫

এই বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত বিভিন্ন বিভাগ/ইনস্টিটিউটের পার্শ্বে বর্ণিত তারিখ ও সময়ে উল্লিখিত সংখ্যক পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লেকচারার নিয়োগের নিমিত্তে প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে। বেতন স্কেল চ: ২২০০০-৫৩০৬০/-।

Walk-in-Interview

ক্রম	বিভাগ/ইনস্টিটিউট	পদ সংখ্যা	সাক্ষাৎকারের জন্য উপস্থিত হওয়ার তারিখ ও সময়
১.	তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ	৩টি	১২/০৪/২০২৫ তারিখ, সকাল ০৯:০০ ঘটিকা
২.	পুরকৌশল বিভাগ	৩টি	
৩.	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ	৪টি	১২/০৪/২০২৫ তারিখ, সকাল ১০:০০ ঘটিকা
৪.	স্থাপত্য বিভাগ	২টি	১২/০৪/২০২৫ তারিখ, সকাল ১১:০০ ঘটিকা
৫.	যন্ত্রকৌশল বিভাগ	৫টি	১৩/০৪/২০২৫ তারিখ, সকাল ০৯:০০ ঘটিকা
৬.	বস্ত্র ও ধাতব কৌশল বিভাগ	১টি	১৩/০৪/২০২৫ তারিখ, সকাল ১০:০০ ঘটিকা
৭.	পানি সম্পদ কৌশল বিভাগ	২টি	১৩/০৪/২০২৫ তারিখ, সকাল ১১:০০ ঘটিকা
৮.	কেমিকৌশল বিভাগ	৫টি	১৫/০৪/২০২৫ তারিখ, সকাল ০৯:০০ ঘটিকা
৯.	নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ	৩টি	১৫/০৪/২০২৫ তারিখ, সকাল ১০:০০ ঘটিকা
১০.	বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ	৩টি	১৫/০৪/২০২৫ তারিখ, সকাল ১১:০০ ঘটিকা
১১.	ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগ	২টি	১৬/০৪/২০২৫ তারিখ, সকাল ০৯:০০ ঘটিকা
১২.	পানি ও বন্যা ব্যবস্থাপনা ইনস্টিটিউট	১টি	১৬/০৪/২০২৫ তারিখ, সকাল ১০:০০ ঘটিকা
১৩.	পেট্রোলিয়াম ও খনিজ সম্পদ কৌশল বিভাগ	১টি	
১৪.	বুয়েট-জিডপাস	২টি (পুরকৌশল) ১টি (ইউ.আর.পি)	১৬/০৪/২০২৫ তারিখ, সকাল ১১:০০ ঘটিকা

বিশেষ দৃষ্টব্য : Walk-in-Interview প্রার্থীগণকে উল্লিখিত সময়সূচী অনুযায়ী কাউন্সিল ভবনে উপস্থিত হয়ে সেখানে দায়িত্বরত কর্মকর্তার নিকট ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/জমা রশিদসহ পূর্ণাঙ্গ আবেদনপত্র (বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম REG-2-এ ১৭ সেট), জমা দিতে হবে। অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। সাক্ষাৎকারের সময় প্রার্থীগণকে সকল মূল সার্টিফিকেট, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, প্রশংসাপত্র, অভিজ্ঞতার সনদ, NID ইত্যাদি প্রদর্শন করতে হবে।

সকল পদের জন্য প্রয়োজ্য : এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে (Walk-in-Interview-এর ক্ষেত্রে REG-2 ফরম এবং অন্যান্য পদের জন্য REG-1 ফরম) সকল অতীত ও বর্তমান চাকরির পদমর্যাদা, বেতন স্কেল ও তারিখ উল্লেখপূর্বক ১৭ সেট আবেদনপত্র রেজিস্ট্রার-এর বরাবর জমা দিতে হবে। তন্মধ্যে ১ সেটের সাথে ৩ কপি সত্যায়িত ছবি এবং কম্পিউটার BUET-এর অনুকূলে উক্ত সকল পদসমূহে আবেদনের জন্য ৳: ৬০০/- (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অথবা কম্পিউটার অফিস কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক বুয়েট শাখায় নগদ টাকা জমা প্রদানপূর্বক, টাকার রশিদ সংযুক্ত করত: প্রত্যেক সেটের সাথে আবেদনপত্র/Forwarding Letter-সহ সকল সার্টিফিকেট, টেস্টিমোনিয়াল, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, অভিজ্ঞতার সনদ এবং NID-এর সত্যায়িত কপি (সকল কাগজপত্র বাঁধাইকৃত সেট) সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ, ভুল তথ্যসম্বলিত এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থীর শিক্ষাজীবনের কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য নয়।

বিদেশী ডিগ্রিধারী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/অফিস কর্তৃক যথানিয়মে ইকুয়ালিভ্যালেন্স সম্পাদন সাপেক্ষে আবেদনপত্র প্রসেস করা হবে। আবেদনের জন্য নির্ধারিত ফরম (REG-1 ও REG-2) এবং শিক্ষক পদের RQ এই বিশ্ববিদ্যালয়ের Website (regoffice.buet.ac.bd)-এর Download page হতে সংগ্রহ করা যাবে। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার যাতায়াত বা দৈনিক ভাতা দেয়া হবে না। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/বাতিল/পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। চাকুরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

(অধ্যাপক ড. এন. এম. গোলাম জাকারিয়া)
রেজিস্ট্রার (অ. দা.)

তারিখ : ১২ মার্চ ২০২৫

নং সংস্থা/ব-৫৯/রে- ৭০২৭

বিতরণ (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) :

- ১। ডিন, সকল অনুষদ, বা.প্র.বি., ঢাকা।
- ২। সকল বিভাগীয় প্রধান/পরিচালক/অফিস প্রধান/হল প্রভোস্ট, বা.প্র.বি., ঢাকা।
- ৩। পরিচালক, বুয়েট-আই.সি.টি সেল, বা.প্র.বি., ঢাকা।-(বিজ্ঞপ্তিটি Website-এ দেয়ার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪। সিনিয়র প্রোগ্রামার, রেজিস্ট্রার অফিস, বা.প্র.বি., ঢাকা।-(বিজ্ঞপ্তিটি Website-এ দেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য)।